

📃 আত-তাওবা | At-Tawba | ٱلتَّوْبَة

আয়াতঃ ৯:৫৯

💵 আরবি মূল আয়াত:

وَ لَو اَنَّهُم رَضُوا مَا أَتْنَهُمُ اللَّهُ وَ رَسُولُهُ وَ قَالُوا حَسَبُنَا اللَّهُ سَيُؤتِينَا اللهُ مَن فَضلِهِ وَ رَسُولُهُ إِنَّا إِلَى اللهِ رُغِبُونَ ﴿٥٩﴾

আর যদি তারা আল্লাহ ও তাঁর রাসূল তাদের যা দিয়েছেন, তাতে সম্ভুষ্ট থাকত এবং বলত, 'আমাদের জন্য আল্লাহই যথেষ্ট, অচিরেই আল্লাহ আমাদেরকে তাঁর অনুগ্রহ দান করবেন এবং তাঁর রাসূলও। নিশ্চয় আমরা আল্লাহর দিকে ধাবিত'। — আল্লাব্যান

আল্লাহ ও তাঁর রসূল তাদেরকে যা দিয়েছেন তারা যদি তাতে সম্ভুষ্ট থাকত আর বলত, 'আমাদের জন্য আল্লাহই যথেষ্ট, অচিরেই আল্লাহ অনুগ্রহ করে আমাদেরকে দিবেন আর তাঁর রসূলও, আমরা আশা ভরসা নিয়ে আল্লাহর দিকেই চেয়ে থাকি।' — তাইসিকল

তাদের জন্য উত্তম হত যদি তারা ওর প্রতি সম্ভষ্ট থাকতো যা কিছু তাদেরকে আল্লাহ ও তাঁর রাসূল দান করেছিলেন, আর বলতঃ আমাদের পক্ষে আল্লাহই যথেষ্ট, ভবিষ্যতে আল্লাহ স্বীয় অনুগ্রহে আমাদেরকে আরও দান করবেন এবং তাঁর রাসূলও, আমরা আল্লাহরই প্রতি আগ্রহান্বিত রইলাম। — মুজিবুর রহমান

If only they had been satisfied with what Allah and His Messenger gave them and said, "Sufficient for us is Allah; Allah will give us of His bounty, and [so will] His Messenger; indeed, we are desirous toward Allah," [it would have been better for them]. — Sahih International

৫৯. আর ভাল হত যদি তারা আল্লাহ ও তার রাসূল তাদেরকে যা দিয়েছেন তাতে সন্তুষ্ট হত এবং বলত, আল্লাহই আমাদের জন্য যথেষ্ট, অচিরেই আল্লাহ আমাদেরকে দেবেন নিজ করুণায় এবং তার রাসূলও; নিশ্চয় আমরা আল্লাহরই প্রতি অনুরক্ত।

তাফসীরে জাকারিয়া

(৫৯) আল্লাহ ও তাঁর রসূল তাদেরকে যা কিছু দান করেছিলেন যদি তারা তা নিয়ে সম্ভুষ্ট হত, আর বলত, 'আমাদের জন্য আল্লাহই যথেষ্ট, ভবিষ্যতে আল্লাহ স্বীয় অনুগ্রহ হতে আমাদেরকে আরো দান করবেন এবং



তাঁর রসূলও, আমরা আল্লাহরই প্রতি আগ্র আগ্রহান্বিত রইলাম।' (তাহলে তা তাদের জন্য উত্তম হত।)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1294

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন